

কম্পট্রোলার

স্কট এম. স্ট্রিংগার (Scott M. Stringer) (D)

আমার নাম Scott Stringer এবং আমি সিটির কম্পট্রোলার পদটির জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। ওয়াশিংটন হাইটস্‌এ বড় হওয়ার সময়ে, আমি মনে করতাম নিউ ইয়র্ক পৃথিবীর সবথেকে উত্তম স্থান। এটি সবসময়ে সহজ ছিল না, কিন্তু আমরা জানি যে যদি আপনি কঠিন পরিশ্রম করেন তাহলে সবকিছু করা সম্ভব। এই পাঁচটি বরোতে থাকা বহু পরিবার এখন আর সেরকম বোধ করেন না। সবকিছুর দাম বেড়ে যাচ্ছে এবং একটি চাকরী যা যথেষ্ট মাইনে দেয় পাওয়া কঠিন হয়ে দাঁড়াতে পারে। মধ্যবিত্ত পরিবারগুলি যাঁরা এই সিটিকে তৈরী করেছেন, তাঁদের নাগালের বাইরে চলে গিয়েছেন। এটিকে থামানো প্রয়োজন। সেইজন্যে আমি কম্পট্রোলার পদে দাঁড়াচ্ছি। সিটির মূখ্য অর্থনৈতিক অফিসার হিসেবে আমি প্রতিদিন আপনাদের কঠিন পরিশ্রমের কবের ডলারের জন্যে লড়াই চালিয়ে যাবো। তার মানে নিশ্চিত করা যে সিটি যখন বাজেট প্রণয়ন করবে তখন অগ্রাধিকার ঠিক করবে সেই জিনিসগুলির জন্য সিটিকে আপনার জন্যে আরো ভাল কাজ করার যা সাহায্য করবে - স্কুল, চিকিৎসাব্যবস্থা, সামর্থের মধ্যে বাসস্থান। তার মানে অপচয় এবং অপব্যবহার কে সমূলে উৎপাটন করা, যাতে আপনারা আপনাদের টাকা আরো বেশি করে রাখতে পারেন যেখানে সেটির থাকার কথা: আপনাদের পকেটে। গত কুড়ি বছর ধরে আমি সেটিই করে আসছি। বরো প্রেসিডেন্ট হিসেবে, আমার কার্যালয় শিক্ষার্থীদের ভর্তির পূর্বানুমানের, অতিপ্রয়োজনীয় স্কুল তৈরী করতে ব্যর্থতা প্রকাশ করেছে। আমরা দেখেছি যে সরকারী আবাসনের লিফটগুলির ৭৫% পরিদর্শণে পাশ করে না, এবং সিটিকে বাধ্য করেছে সেগুলি মেরামত করতে। সরকারের দায়িত্বশীলতার জন্য লড়াই করার উদ্দেশ্যে এসেছিলেন আমি আমার নিজের দলের নেতৃত্ব নিয়েছি। আমি সেটির জন্যে গর্বিত এবং সরকারকে আপনাদের কাছে আরো বেশি জবাবদিহি করার জন্য আমি কোন দিনও লড়াই করা ছেড়ে দেব না। আমি এই সিটিকে ভালোবাসি। এটি পুরো পৃথিবীর মধ্যে সর্বোত্তম। কিন্তু এটিকে সেইরকম করতে হলে আমাদেরকে নিশ্চিত করতে হবে যাতে মধ্যবিত্ত পরিবারগুলি এখানে সাফল্য লাভ করতে পারেন। সেটির ব্যাপারে আমি কাজ করবো আপনাদের কম্পট্রোলার হিসেবে। আমার সাথে যোগদান করুন এবং চলুন কাজে লেগে পড়ি।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করেছেন।*